

# ডুয়েট বিতর্কে রানারআপ জবি

জবি প্রতিনিধি

১৭ নভেম্বর ২০২৪, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক **আমাদেরময়**



ডুয়েট ডিবেটিং সোসাইটি আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চূড়ান্ত পর্বে চ্যাম্পিয়ন হয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জবি) ডিবেট অরগানাইজেশন ও রানার আপ হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ডিবেটিং সোসাইটি। গতকাল শনিবার ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) শহীদ আহসানউল্লাহ মাস্টার অডিটোরিয়ামে 'বিপ্লবী বাংলা ২.০ আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা ২৪' অনুষ্ঠিত হয়।

UNIBOTS



-10:18

এর আগে টুর্নামেন্টের সেমিফাইনালে ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটিকে পরাজিত করে ফাইনালে উঠে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি। ফাইনালে তাদের প্রতিপক্ষ ছিল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ডিবেট অরগানাইজেশন।

এই প্রতিযোগিতার ‘ডিবেট অব দ্য টুর্নামেন্ট’ ও রানার্স আপ দলের (জবি) বিতার্কিক মইন আল মুবাশির বলেন, ২০২৩ সাল থেকে জবি ডিবেটিং সোসাইটির সাফল্য চোখে পড়ার মতো। এরই ধারাবাহিকতায় ডুয়েট কর্তৃক আয়োজিত প্রতিযোগিতায় আমরা এই সাফল্য অর্জন করেছি। তিনি আরও বলেন, আমরা জাতীয় পর্যায়ে ভালো করছি এখন। কিন্তু দীর্ঘদিন ধরে জবি ডিবেটিং সোসাইটির কোনো কমিটি না থাকায়, ভবিষ্যতে নতুন বিতার্কিকদের মাঝে এই সাফল্য ধরে রাখার ব্যাপারে আশঙ্কা ব্যক্ত করছি। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডুয়েটের উপাচার্য অধ্যাপক ড. মো. জয়নাল আবেদিন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. আরেফিন কাওসার ও ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক ড. উৎপল কুমার দাস।

খবর থেকে আরও পড়ুন